

# ঢাবিতে ৩ কার্যদিবসের মধ্যে ফাইল উপস্থাপনের নির্দেশ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অফিশিয়াল কার্যক্রম আরো গতিশীল ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সব ধরনের নোট বা নথি তিন কার্যদিবসের (৭২ ঘণ্টা) মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে উপস্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে।

বুধবার (২৫ মার্চ) সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এসংক্রান্ত একটি অফিস আদেশ ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের সব অফিস, বিভাগ, ইনস্টিটিউট ও আবাসিক হলে পাঠানো হয়েছে।

অফিস আদেশে বলা হয়, নির্ধারিত সময় অনুযায়ী নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকার জন্য কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা দেওয়া হয়েছে।

পাশাপাশি ছুটি ভোগের আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণের বিষয়েও কঠোর নির্দেশ দেওয়া হয়েছে।